দৈনিক
ইত্তেফাক

তারিখ · 01 NOV 2017
পৃষ্ঠা ... ৫ ... কলাম ...

অপহরণকারীরা।

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার ফল প্রকাশ

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার ফল মঙ্গলবার প্রকাশিত করা হয়েছে। এ পরীক্ষায় ২৮টি বিষয়ে সারাদেশে ১০১টি কলেজের ৮১ হাজার ১৬০ জন পরীক্ষার্থী মোট ৭৫টি কেন্দ্রে অংশগ্রহণ করে ৬৫ হাজার ৯১১ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৮১ দশমিক ২১ ভাগ। প্রকাশিত ফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd এবং www.nubd.info থেকে পাওয়া যাবে। এছাড়াও যে কোনো মোবাইল থেকে SMS এর মাধ্যমে nu<space>mp<space> Roll লিখে ১৬২২২ নম্বরে Send করে ফল জানা যাবে।

**মাস্টার্স প্রফেশনাল কোর্সে ভর্তির আবেদনের সময় বৃদ্ধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৮ সালের মাস্টার্স (প্রফেশনাল) কোর্সের বিএড/ বিএমএড/ বিএসএড/ বিপিএড/ এমএড/ এমএসএড/ এমপিএড/ এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/ এলএলবি শেষ বর্ষের ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদনের সময় ৬ নভেম্বর ২০১৭ তারিখ রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.admissions. nu.edu.bd অথবা nu.edu.bd/ admissions) এ থেকে জানা যাবে। মঙ্গলবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের ভারপ্রাপ্ত পরিচালক ফয়জুল করিম এ তথ্য জানিয়েছে।